গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, মাগুরা
www.cooparative.magura.gov.bd

নম্বর: ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.১১৬৭

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, কাল্ব কর্তৃক সম্পাদিত ২০২২-২৩ সালের নীরিক্ষা প্রতিবেদনের সুপারিশ, ব্যবস্থাপনা কমিটির সভাপতি ব্যতিত অন্য ৫ জন সদস্যের আবেদন ও উপজেলা সমবায় অফিসার (অতিরিক্ত দায়িত্ব), শ্রীপুর, মাগুরার ০৪/০১/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫৯৫.০০০.৯৯.০০৫.২২.২ নং স্মারকপত্রের সুপারিশের ভিত্তিতে জেলা সমবায় কার্যালয়, মাগুরার ১১/০১/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.৮০ নং আদেশে শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: (নিবন্ধন নং-০০৩০/মাগুরা, তারিখ: ৩০/০৫/২০১৬খ্রি.), গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরার কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৪৯(১)(খ) মোতাবেক গঠিত তদন্ত কমিটিকে একই আইনের ধারা ৪৯(২)(খ) মোতাবেক তদন্ত করে প্রতিবেদন দাখিল করতে বলা হয়;

যেহেতু, গঠিত তদন্ত কমিটি কর্তৃক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৯(২) ধারায় সম্পাদিত তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদি সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধের অন্তর্ভূক্ত হওয়ায় একই আইনের ধারা ৮৩(১) মোতাবেক এ কার্যালয়ের ০৮/০৪/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.৫০১ নং আদেশে একটি তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, সভাপতি (প্রাক্তন) জনাব সাহেব আলী ও উপজেলা ব্যবস্থাপক (প্রাক্তন) জনাব মো: বিল্লাল হোসেন কর্তৃক সমবায় সমিতি আইন ও বিধি লঙ্ঘন করে দূর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও বিধি বহির্ভুতভাবে সমিতির আর্থিক ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনার কারণে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে তদন্ত কমিটি দায়ি ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সুপারিশ করেছেন;

যেহেতু, বর্ণিত তদন্ত প্রতিবেদন এবং এ কার্যালয়ের রেকর্ড পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধ সমিতির সভাপতি (প্রাক্তন) জনাব সাহেব আলী ও উপজেলা ব্যবস্থাপক (প্রাক্তন) জনাব মো: বিল্লাল হোসেনের দায়িত্বহীনতার কারণে সংগঠিত হওয়ার ফলে "শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:" (নিবন্ধন নং-০০৩০/মাগুরা, তারিখ: ৩০/০৫/২০১৬খ্রি.) আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে;

যেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধে অভিযুক্ত ব্যক্তিবর্গকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানের নিমিত্ত জেলা সমবায় কার্যালয়, মাগুরার বিগত ২৯/০৭/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.৩৪.০০২.১৯.১০৭৭ নং স্মারকমূলে ০৭/০৮/২০২৪খ্রি. তারিখে শুনানির দিন ধার্য করে উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে শুনানিতে অংশগ্রহণের জন্য উপস্থিত হতে বলা হয়। কিন্তু নির্ধারিত তারিখে অভিযুক্ত ব্যক্তিবর্গ উপস্থিত না হওয়ায় উক্ত শুনানি অনুষ্ঠান সম্ভব হয়নি। ফলে জেলা সমবায় কার্যালয়, মাগুরার বিগত ০৮/০৮/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.১১০৫ নং স্মারকমূলে ১৮/০৮/২০২৪খ্রি. তারিখে পুনরায় শুনানির দিন ধার্য করা হয় ও উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে শুনানিতে অংশগ্রহণের জন্য উপস্থিত হতে বলা হয় এবং কোন অভিযুক্ত ব্যক্তি শুনানিতে অংশগ্রহণ না করলে তাঁর বিরুদ্ধে একতরফাভাবে রায় প্রদান করা হবে মর্মে জানানো হয়। উক্ত শুনানিতে সমিতির সাবেক সভাপতি জনাব সাহেব আলী অংশগ্রহণ করেন এবং তাঁর বক্তব্য উপস্থাপন করেন কিন্তু সমিতির সাবেক উপজেলা ব্যবস্থাপক জনাব মো: বিল্লাল হোসেন উপস্থিত হননি।

সেহেতু, উপরোক্ত দুটি তদন্ত প্রতিবেদন, শুনানিতে উপস্থাপিত বক্তব্য ও এ কার্যালয়ের রেকর্ডপত্র পর্যালোচনায় শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: (নিবন্ধন নং-০০৩০/মাগুরা, তারিখ: ৩০/০৫/২০১৬খ্রি.), গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরাকে সর্বমোট ১,৩৬,৯৭৫/- (এক লক্ষ ছত্রিশ হাজার নয়শত পঁচাত্তর) টাকা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করার কারণে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(২) মোতাবেক দায়ী ব্যক্তিদের উপর নিম্নরূপভাবে শাস্তি/দন্ড আরোপ করা হলো।

দায় ধার্যের তালিকা

| ক্র: নং | দায়ী ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | আর্থিক অনিয়ম, ক্ষতি, দায়/অব্যাহতির বিবরণ | দায়ের খাতওয়ারি টাকার পরিমাণ | ৮৩(২) ধারায় আরোপিত শাস্তি/দন্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জনাব সাহেব আলী, সভাপতি (প্রাক্তন), শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ১। জনাব সাহেব আলী, প্রাক্তন সভাপতি, শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: সভাপতি হিসেবে দায়িত্ব পালনকালে বিগত ১৭/১২/২০২২খ্রি. তারিখে ১৭১ জন সদস্যের নামে ভুয়া ভাউচারের মাধ্যমে যাতায়াত ব্যয়ের বিল বাবদ ৩৪,২০০/-(চৌত্রিশ হাজার দুইশত) টাকা আত্মসাত করেছেন। উক্ত ৩৪,২০০/- টাকা সমিতির ক্ষতি হয়েছে, যার দায় তাঁর উপর বর্তায় বিধায় উপরোক্ত পরিমাণ টাকা জনাব সাহেব আলীর নিকট হতে আদায়যোগ্য।<br>২। এছাড়াও ২০২২-২০২৩ সনের বার্ষিক অডিট প্রতিবেদনে উল্লেখিত সমিতির একই ভাউচার(ভুয়া) ফটোকপি করে বিভিন্ন তারিখে একাধিকবার ব্যবহার করে তিনি এবং সাবেক উপজেলা ব্যবস্থাপক জনাব মো: বিল্লাল হোসেন ১,০২,৭৭৫/-(এক লক্ষ দুই হাজার সাতশত পঁচাত্তর) টাকা আত্মসাৎ করেছেন। উক্ত ১,০২,৭৭৫/- টাকা সমিতির ক্ষতি হয়েছে, যার দায় তাঁদের দুজনের উপরই বর্তায়, বিধায় উপরোক্ত পরিমাণ টাকা সমহারে (৫১,৩৮৭.৫০+৫১,৩৮৭.৫০=১,০২,৭৭৫/) জনাব সাহেব আলী ও জনাব মো: বিল্লাল হোসেনের নিকট হতে আদায়যোগ্য। | (৩৪,২০০/- +৫১,৩৮৭.৫০ =৮৫,৫৮৭.৫০) (পঁচাশি হাজার পাঁচশত সাতাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা। | ৮৫,৫৮৭.৫০ (পঁচাশি হাজার পাঁচশত সাতাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | জনাব মো: বিল্লাল হোসেন, উপজেলা ব্যবস্থাপক (প্রাক্তন), শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | এছাড়াও ২০২২-২০২৩ সনের বার্ষিক অডিট প্রতিবেদনে উল্লেখিত সমিতির একই ভাউচার(ভুয়া) ফটোকপি করে বিভিন্ন তারিখে একাধিকবার ব্যবহার করে তিনি এবং সাবেক সভাপতি জনাব সাহেব আলী, ১,০২,৭৭৫/-(এক লক্ষ দুই হাজার সাতশত পঁচাত্তর) টাকা আত্মসাৎ করেছেন। উক্ত ১,০২,৭৭৫/- টাকা সমিতির ক্ষতি হয়েছে, যার দায় তাঁদের দুজনের উপরই বর্তায় বিধায় উপরোক্ত পরিমাণ টাকা সমহারে (৫১,৩৮৭.৫০+৫১,৩৮৭.৫০=১,০২,৭৭৫/-) জনাব সাহেব আলী ও জনাব মো: বিল্লাল হোসেনের নিকট হতে আদায়যোগ্য। | ৫১,৩৮৭.৫০ (একান্ন হাজার তিনশত সাতাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা। | ৫১,৩৮৭.৫০ (একান্ন হাজার তিনশত সাতাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা। | |

০২। উপরোক্ত ছকে ৩ নং কলামে উল্লিখিত ব্যক্তিবর্গের নামে ৪ নং কলামে আরোপিত শাস্তি/অর্থ দন্ড অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/অর্থ দন্ডের টাকা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৮৩(২) ধারা মোতাবেক এ আদেশ জারির ১২০ দিনের মধ্যে সিমিতির তহবিলে জমা প্রদান পূর্বক প্রমাণক এ কার্যালয়ে দাখিল করতে বলা হলো। ধার্যকৃত অর্থ পরিশোধে ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৮৩(৩) ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশ প্রদান করা হলো।

০৫-০৯-২০২৪
মোঃফরিদুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

নম্বর: ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.১১৬৭/১ (৭)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব সাহেব আলী, সভাপতি (প্রাক্তন), শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরা;
২। জনাব মো: বিল্লাল হোসেন, উপজেলা ব্যবস্থাপক (প্রাক্তন), শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরা;
৩। সভাপতি, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: গ্রাম/মহল্লা: শ্রীপুর, ডাকঘর: শ্রীপুর, শ্রীপুর, মাগুরা;
৪। উপজেলা ব্যাপস্থাপক, কালব লি: শ্রীপুর, মাগুরা;
৫। জেলা ব্যবস্থাপক, কালব লি: মাগুরা;
৬। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস,শ্রীপুর, মাগুরা এবং
৭। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

০৫-০৯-২০২৪
মোঃফরিদুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)